গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা ১০০০
বিদ্যালয়-২ শাখা
www.mopme.gov.bd

নং-৩৮.০০৮.০২২.০০.০০.০০২.২০১১- ৪৬৪

তারিখঃ ২১ আষাঢ় ১৪২২ / ০৫ জুলাই ২০১৫

## সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক বদলি নির্দেশিকা

এই নির্দেশিকা 'সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক বদলি নির্দেশিকা, ২০১৫' নামে অভিহিত হবে।

**১.০ বদলির সময়কাল:**

১.১ সাধারণভাবে প্রতি শিক্ষা বছরের জানুয়ারি-মার্চ মাসের মধ্যে একই উপজেলা/থানা, আন্তঃউপজেলা/থানা, আন্তঃজেলা, আন্তঃসিটি কর্পোরেশন ও আন্তঃবিভাগ বদলি করা যাবে;

১.২ তবে, যুক্তিসংগত কারণে ১.১ অনুচ্ছেদে বর্ণিত সময়ের মধ্যে বদলি সম্পন্ন করা না গেলে মন্ত্রণালয় কর্তৃক যে কোন সময়ের মধ্যে বদলি কার্যক্রম সম্পন্ন করা যাবে;

১.৩ বদলির সময়কাল ব্যতিত অন্য যে কোন সময়ে কোন বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পদ অবসরজনিত কারণে শূন্য হলে উক্ত পদ নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে তাৎক্ষণিক পূরণ করা সম্ভব না হলে বিভাগীয় উপ-পরিচালক নিজ অধিক্ষেত্রে (সিটি কর্পোরেশন এলাকা ব্যতীত) এবং মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর আন্তঃবিভাগ/সিটি কর্পোরেশন এলাকাধীন থানার মধ্যে প্রধান শিক্ষক পদে বদলি করতে পারবেন।

**২.০ বদলির কর্তৃপক্ষ:**

২.১ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার তাঁর নিজ অধিক্ষেত্রে একই উপজেলার মধ্যে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা কমিটির সুপারিশক্রমে সহকারী শিক্ষকদের আন্তঃবিদ্যালয় বদলির অনুমোদন প্রদান করতে পারবেন। জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের অনুমোদন গ্রহণপূর্বক উপজেলা/থানা শিক্ষা অফিসার এরূপ বদলির আদেশ জারি করবেন;

২.২ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার তাঁর নিজ অধিক্ষেত্রে আন্তঃউপজেলা/থানার মধ্যে সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসারের সুপারিশক্রমে সহকারী শিক্ষকদের বদলি করতে পারবেন;

২.৩ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সিটি কর্পোরেশনের আওতাধীন থানার ক্ষেত্রে সংশ্লিষ্ট থানা শিক্ষা অফিসারের সুপারিশক্রমে সহকারী শিক্ষকদের আন্তঃবিদ্যালয় বদলি করতে পারবেন;

২.৪ বিভাগীয় উপ-পরিচালক তাঁর নিজ অধিক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের সুপারিশক্রমে সহকারী শিক্ষকদের আন্তঃজেলা বদলি করতে পারবেন;

২.৫ বিভাগীয় উপ-পরিচালক তাঁর নিজ অধিক্ষেত্রে উপজেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের সুপারিশক্রমে প্রধান শিক্ষকদের একই উপজেলা, আন্তঃউপজেলা এবং আন্তঃজেলা বদলি করতে পারবেন;

২.৬ মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সিটি কর্পোরেশন এলাকাধীন থানার ক্ষেত্রে সংশ্লিষ্ট থানা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও বিভাগীয় উপ-পরিচালকের সুপারিশক্রমে প্রধান শিক্ষকদের আন্তঃথানা/আন্তঃবিদ্যালয় বদলি করতে পারবেন;

২.৭ মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও বিভাগীয় উপ-পরিচালকের সুপারিশক্রমে যে কোন সময় প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকদের আন্তঃবিভাগ বদলি করতে পারবেন;

২.৮ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় জনস্বার্থে যে কোন কারণে যে কোনো শিক্ষককে যে কোনো সময়ে বদলি করতে পারবে।

**৩.০ বদলির সাধারণ শর্তাবলী:**

৩.১ শিক্ষক বদলি ও নিয়োগের ক্ষেত্রে সিটি কর্পোরেশন ও উপজেলা একক ইউনিট হিসেবে বিবেচিত হবে;

৩.২ সহকারী শিক্ষক পদে চাকরির মেয়াদ ন্যূনতম ২ (দুই) বছর পূর্ণ হলে এবং পদ শূন্য থাকলে আন্তঃউপজেলা/থানা, আন্তঃজেলা, আন্তঃসিটি কর্পোরেশন ও আন্তঃবিভাগ বদলি করা যাবে। তবে, উক্ত ২ (দুই) বছরের মধ্যে একই উপজেলা/থানায় পদ শূন্য হলে বদলি হতে কোনো বাধা থাকবে না। এরূপভাবে বদলির পর ১ (এক) বছর অতিক্রান্ত না হলে কোনো শিক্ষক পুনঃবদলির জন্য বিবেচিত হবেন না;

৩.৩ প্রধান শিক্ষক বা কোন সহকারী শিক্ষক প্রধান শিক্ষক পদে পদোন্নতিপ্রাপ্ত হলে, উক্ত পদে তাঁর চাকরির মেয়াদ ২ (দুই) বছর পূর্ণ হলে, পদ শূন্য থাকা সাপেক্ষে আন্তঃউপজেলা/থানা, আন্তঃজেলা, আন্তঃসিটি কর্পোরেশন এবং আন্তঃবিভাগ বদলি করা যাবে। তবে, উক্ত ২ (দুই) বছরের মধ্যে একই উপজেলা/থানায় পদ শূন্য হলে বদলি হতে কোনো বাধা থাকবে না। এক্ষেত্রেও বদলির পর ১ (এক) বছর অতিক্রান্ত না হলে কোনো শিক্ষক পুনঃবদলির জন্য বিবেচিত হবেন না;

৩.৪ যে সকল বিদ্যালয়ে ৪(চার) জন বা তার কম সংখ্যক শিক্ষক কর্মরত আছেন কিংবা শিক্ষক ছাত্র অনুপাত ১ঃ৪০-এর বেশি রয়েছে, সে সকল বিদ্যালয় থেকে প্রতিস্থাপনক্রমে সাধারণভাবে শিক্ষক বদলি করা যাবে;

৩.৫ কোটা অনুযায়ী উপযুক্ত প্রার্থী না পাওয়ায় শূন্য পদ পূরণের লক্ষ্যে যে সকল শিক্ষককে সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগবিধিমালা, ১৯৯১-এর ৭(১)(খ) বিধি অনুসারে ইতোপূর্বে নিজ উপজেলা/থানার বাইরে অন্য উপজেলা/থানা/অন্য জেলা/সিটি কর্পোরেশন বা বিভাগে নিয়োগদান করা হয়েছে তারা তাদের নিজ উপজেলা/থানায় বদলি হতে ইচ্ছা পোষণ করলে তাদের নিজ নিজ উপজেলা/থানায় বদলি করা যাবে। এরূপ বদলির ক্ষেত্রে অনুচ্ছেদ ৩.২ ও ৩.৩ এ বর্ণিত চাকরি মেয়াদের শর্ত বা বহিরাগত শিক্ষক হিসেবে অনুচ্ছেদ ৩.১২-এ বর্ণিত ১০% পূরণের শর্তটি প্রযোজ্য হবে না;

৩.৬ কোন শিক্ষকের নিয়োগপত্রে উল্লেখিত স্থায়ী ঠিকানা জেলা সদরের পৌরসভা, জেলা সদর বা সিটি কর্পোরেশনাধীন এলাকা হওয়া সত্ত্বেও পদ শূন্য না থাকার জন্য তাঁদেরকে জেলা সদরের পৌরসভা, জেলা সদর বা সিটি কর্পোরেশনের বাইরে পদায়ন করা হয়েছে, তাঁরা বদলির ইচ্ছা পোষণ করলে পদ শূন্য থাকা সাপেক্ষে তাঁদেরকে নিজ স্থায়ী ঠিকানায় বদলি করা যাবে। এরূপ বদলির ক্ষেত্রে অনুচ্ছেদ ৩.২ ও ৩.৩ এ বর্ণিত চাকরি মেয়াদের শর্ত বা বহিরাগত শিক্ষক হিসেবে অনুচ্ছেদ ৩.১২-এ বর্ণিত ১০% পূরণের শর্তটি প্রযোজ্য হবে না;

৩.৭ নদী ভাঙ্গন/অন্য কোনো প্রাকৃতিক দুর্যোগের পরিপ্রেক্ষিতে কোনো শিক্ষকের বসতভিটা বিলীন হওয়ার ফলে স্থায়ী ঠিকানা পরিবর্তিত হলে বা কোনো উপজেলা/থানা/পৌরসভা প্রশাসনিক পুনর্গঠনের কারণে কোনো শিক্ষকের স্থায়ী ঠিকানা এবং কর্মস্থলের ঠিকানা পরিবর্তিত হয়ে দুটো ভিন্ন উপজেলা/থানা/পৌরসভার অন্তর্ভুক্ত হলে উক্ত শিক্ষককে নিজ স্থায়ী ঠিকানায় বদলি করা যাবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা সহকারী কমিশনার (ভূমি) এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলরের প্রত্যয়নপত্র, স্থায়ী ঠিকানার জমির দলিল ও খতিয়ান, বাড়ির হোল্ডিং নম্বর, ভূমি উন্নয়ন কর পরিশোধের রশিদ, পৌর/ইউনিয়ন পরিষদ কর পরিশোধের রশিদসহ আবেদন করতে হবে;

৩.৮ অনুচ্ছেদ ৩.৫ ও ৩.৬ এ বর্ণিত বদলির ক্ষেত্র ব্যতিত কোনো শিক্ষককে থানা/উপজেলা শিক্ষা অফিসারের আওতাধীন সিটি কর্পোরেশন এলাকার বিদ্যালয়সমূহে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন এলাকার বাইরে থেকে বদলি করা যাবে না;

৩.৯ অনুচ্ছেদ ৩.৫ ও ৩.৬ এ বর্ণিত বদলির ক্ষেত্র ব্যতিত কোনো শিক্ষককে জেলার সদর উপজেলা/জেলা সদরের পৌরসভার বিদ্যালয়সমূহে সংশ্লিষ্ট সদর উপজেলা/জেলা সদরের পৌরসভার বাইরে থেকে বদলি করা যাবে না;

৩.১০ উপজেলা/থানায় কোনো পদ শূন্য হলে সংশ্লিষ্ট উপজেলা/থানার অধিবাসী প্রার্থীগণ সেই পদে বদলির জন্য অগ্রাধিকার পাবেন। তবে, একাধিক পদ শূন্য থাকলে অন্য উপজেলা/থানা/জেলা/সিটি কর্পোরেশন/বিভাগের শিক্ষকগণও একইভাবে বদলির জন্য বিবেচিত হতে পারবেন। এ বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসার তার নিজ অধিক্ষেত্রের বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকদের বিদ্যালয়ভিত্তিক শূন্য পদের তথ্যাদি প্রধান শিক্ষকদের ডিসেম্বর-মার্চ মাসে অনুষ্ঠেয় মাসিক সমন্বয় সভায় ঘোষণা করবেন এবং বহুল প্রচারের নিমিত্ত তা উপজেলা/থানা শিক্ষা অফিসের নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা করবেন;

৩.১১ উপজেলা/থানার মধ্যে একই পদে একাধিক আগ্রহী প্রার্থী থাকলে তাদের মধ্যে চাকরির জ্যেষ্ঠতার ভিত্তিতে অগ্রাধিকার নির্ধারণ করতে হবে। সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসার আবেদনকারীদের জ্যেষ্ঠতার তালিকা প্রণয়ন করে উপজেলা/থানা শিক্ষা অফিসের নোটিশ বোর্ডে কমপক্ষে ৭ কর্মদিবস প্রদর্শনের ব্যবস্থা করবেন। কোনো অবস্থাতেই জ্যেষ্ঠতা লঙ্ঘন করে বদলি করা যাবে না;

৩.১২ উপজেলার মোট পদের সর্বাধিক ১০% পদে সংশ্লিষ্ট উপজেলার বাইরে থেকে উপযুক্ত শিক্ষক বদলি করা যাবে। এসব ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার তাঁর উপজেলাধীন বিদ্যালয়ের বাইরে থেকে বদলিকৃত শিক্ষকদের হালনাগাদ তালিকা সংশ্লিষ্ট রেজিস্টারে সংরক্ষণ করবেন।

৩.১৩ প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩-এর ৩ ধারায় সংজ্ঞায়িত প্রতিবন্ধীদের ক্ষেত্রে শারীরিক ও মানসিক সক্ষমতা বিবেচনায় অগ্রাধিকার ভিত্তিতে বদলি করা যাবে;

৩.১৪ সদ্য জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয়-এর শিক্ষক বদলি/পদায়নের ক্ষেত্রেও এই নির্দেশিকা প্রযোজ্য হবে;

৩.১৫ সদ্য জাতীয়করণকৃত বিদ্যালয়ের কোন শিক্ষকের নামে দায়েরকৃত মামলায় আদালত কর্তৃক 'বদলি স্থগিত থাকবে' মর্মে আদেশ থাকলে তিনি বদলির জন্য বিবেচিত হবেন না।

**৪.০ বৈবাহিক কারণে বদলিঃ**

৪.১ চাকরি লাভের পর বিবাহ বন্ধনে আবদ্ধ হয়েছেন এমন মহিলা শিক্ষকগণ স্বামীর স্থায়ী ঠিকানায় বদলি হতে ইচ্ছুক হলে তাদের আবেদনের পরিপ্রেক্ষিতে শূন্য পদের বিপরীতে বদলি করা যাবে। তবে, একটি শূন্য পদের বিপরীতে একাধিক আবেদনকারী থাকলে আবেদনকারীদের চাকরির জ্যেষ্ঠতা বিবেচনা করে সিদ্ধান্ত নিতে হবে। এরূপ বদলির ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানার স্বপক্ষে বিয়ের কাবিননামা/প্রত্যয়নপত্র, সংশ্লিষ্ট পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর এর প্রত্যয়নপত্র, স্বামীর স্থায়ী ঠিকানার জমির দলিল, খতিয়ান, বাড়ির হোল্ডিং নম্বর এবং ভূমি উন্নয়ন কর পরিশোধের রশিদসহ আবেদন করতে হবে;

৪.২ বিধবা বা তালাকপ্রাপ্তা শিক্ষক পুনরায় বিবাহবন্ধনে আবদ্ধ হওয়ার পর স্বামীর স্থায়ী ঠিকানায় বদলি হতে ইচ্ছা পোষণ করলে কাবিননামা/প্রত্যয়নপত্রসহ লিখিত আবেদনের ভিত্তিতে পদ শূন্য থাকা সাপেক্ষে বদলি করা যাবে। এরূপ বদলির ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশ্লিষ্ট পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর এর প্রত্যয়নপত্র,স্বামীর স্থায়ী ঠিকানার জমির দলিল ও খতিয়ান, বাড়ির হোল্ডিং নম্বর, ভূমি উন্নয়ন কর পরিশোধের রশিদসহ আবেদন করতে হবে;

৪.৩ বিধবা বা তালাকপ্রাপ্তা শিক্ষককে তার আবেদনের ভিত্তিতে পিতার স্থায়ী ঠিকানায় বদলি করা যাবে। এক্ষেত্রে পিতার স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশ্লিষ্ট পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর প্রত্যয়নপত্র, পিতার স্থায়ী ঠিকানার জমির দলিল, খতিয়ান এবং ভূমি উন্নয়ন কর পরিশোধের রশিদসহ আবেদন করতে হবে;

৪.৪ বিধবা বা তালাকপ্রাপ্তা শিক্ষককে তার আবেদনের ভিত্তিতে পিতার স্থায়ী ঠিকানা ব্যতিত সুবিধামত অন্যত্র বদলির সুযোগ দেয়া যেতে পারে;

৪.৫ কোন শিক্ষকের স্ত্রী/স্বামী সরকারি, আধা সরকারি বা স্বায়ত্বশাসিত কোন প্রতিষ্ঠানে চাকরি করলে তাকে স্ত্রী/স্বামীর কর্মস্থলে বদলির সুযোগ দেয়া যেতে পারে। তবে এ সুযোগ তারা সমগ্র চাকরিকালে সর্বোচ্চ ২ (দুই) বার গ্রহণ করতে পারবেন;

৪.৬ অনুচ্ছেদ ৪.০-এ বর্ণিত বদলির সুযোগ অনুচ্ছেদ ৩.৮ ও ৩.৯-এ বর্ণিত এলাকার ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

**৫.০ প্রশাসনিক প্রয়োজনে বদলিঃ**

৫.১ প্রশাসনিক প্রয়োজনে যে কোন সময় যে কোন শিক্ষককে বদলি করা যাবে। তবে, এরূপ বদলির ক্ষেত্রে অনুচ্ছেদ ১.০-এ বর্ণিত বদলিকালে সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ বিভাগীয় উপ-পরিচালকগণ তাদের নিজ নিজ উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক বদলি করতে পারবেন। তবে বদলিকাল ব্যতীত অন্য সময়ে মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে বদলি করা যাবে;

৫.২ প্রশাসনিক কারণে বদলি হওয়ার ১ (এক) বছরের মধ্যে কোনো শিক্ষক পুনঃবদলির জন্য আবেদন করতে পারবেন না;

৬.০ সমন্বয় বদলি:

৬.১ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার তাঁর নিজ অধিক্ষেত্রে ৩১ ডিসেম্বরের মধ্যে একই উপজেলার বিদ্যালয়সমূহের মধ্যে শ্রেণীকক্ষ/শিক্ষক-ছাত্র সংখ্যার অনুপাতে শিক্ষকদের সুষম বন্টন নিশ্চিত করার প্রয়োজনে উপজেলা শিক্ষা কমিটিতে আলোচনা-পর্যালোচনা ও সুপারিশের আলোকে বিদ্যালয়ভিত্তিক শিক্ষক সমন্বয় ও বিদ্যালয়ওয়ারী শ্রেণীকক্ষ ও শিক্ষক সংখ্যা নির্ধারণ করে তা উল্লেখপূর্বক আদেশ জারি করবেন;

৬.২ এই আদেশ জারির পরেই শিক্ষক সমন্বয়ের আলোকে প্রশাসনিক/সমন্বয়ের প্রয়োজনে স্বপ্রনোদিত হয়ে অথবা শিক্ষকের আবেদনের ভিত্তিতে বদলির প্রস্তাবনা প্রণয়ন করবেন;

৬.৩ বিভাগীয় উপ-পরিচালক বিষয়টি যাচাই-বাছাই করে মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বরাবর এ ধরণের বদলির প্রতিবেদন প্রেরণ করবেন;

৬.৪ শিক্ষক-ছাত্র অনুপাত এবং শ্রেণীকক্ষ-ছাত্র অনুপাত ১:৪০ এর বেশী হলে কোন শিক্ষককে সমন্বয়ের প্রয়োজনে বদলি করা যাবে না;

৬.৫ ৫ (পাঁচ) বা তার কম শিক্ষক বিশিষ্ট বিদ্যালয় থেকে সমন্বয়ের প্রয়োজনে কোনো শিক্ষককে বদলি করা যাবে না;

৬.৬ সমন্বয় বদলির ক্ষেত্রে চাকরিতে জ্যেষ্ঠ শিক্ষকদের পছন্দকে অগ্রাধিকার দিতে হবে। জ্যেষ্ঠ শিক্ষকগণ বদলি হতে ইচ্ছা পোষণ না করলে কনিষ্ঠদের বদলি করা যাবে;

৬.৭ অবসর উত্তর ছুটিতে (পিআরএল) গমনের পূর্ববর্তী ১ (এক) বছর সময়ের মধ্যে কোনো শিক্ষককে সমন্বয়ের প্রয়োজনে বদলি করা যাবে না;

৬.৮ ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণী পর্যন্ত শিক্ষা কার্যক্রম চালু রয়েছে এরূপ প্রাথমিক বিদ্যালয়ে প্রয়োজনে শিক্ষক বদলিপূর্বক সমন্বয় করা যাবে।

৭.০ সংযুক্তি:

ডিপি-ইন-এড/সি-ইন-এড প্রশিক্ষণে এক বা একাধিক শিক্ষকের যোগদানের কারণে কিংবা কোন শিক্ষকের সাময়িক বরখাস্তজনিত শূন্য পদে বা মাতৃত্বজনিত ছুটির কারণে শিক্ষক স্বল্পতা হেতু কোনো বিদ্যালয়ে পাঠদান বিঘ্নিত হওয়ার কারণে মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রস্তাবের ভিত্তিতে বা প্রশাসনিক প্রয়োজনে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় যে কোনো শিক্ষককে যে কোনো সময় যে কোন বিদ্যালয়ে সংযুক্তি প্রদান করতে পারবে। মন্ত্রণালয় ব্যতিত অপর কোন বদলির কর্তৃপক্ষ এরূপ সংযুক্তির আদেশ প্রদান করতে পারবেন না। সংযুক্তি আদেশ বাতিলের ক্ষমতাও মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত হবে।

৮.০ অন্যান্য:

৮.১ কোনো শিক্ষক চাকুরিরত অবস্থায় দুরারোগ্য ব্যাধি যেমন ক্যান্সার, লিভার সিরোসিস, এইচ আই ভি পজেটিভ ভাইরাস ইত্যাদি দুরারোগ্য রোগে আক্রান্ত হলে কিংবা বাইপাস সার্জারি হলে উক্ত শিক্ষকের চিকিৎসার সুবিধার্থে অন্যত্র বদলি করা যাবে। এই বদলি বিবেচনার ক্ষেত্রে সংশ্লিষ্ট মেডিকেল বোর্ড কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র ও চিকিৎসা সংক্রান্ত কাগজপত্রসহ আবেদন করতে হবে। তবে সিটি কর্পোরেশন এলাকার ক্ষেত্রে এরূপ বদলি প্রযোজ্য হবে না;

৮.২ কোন শিক্ষক দুর্গম এলাকার (হাওড়-বাওড়, চর কিংবা বিচ্ছিন্ন দ্বীপ অঞ্চল ইত্যাদি) একই বিদ্যালয়ে ১০ (দশ) বছর কর্মরত থাকলে উক্ত শিক্ষককে অগ্রাধিকার ভিত্তিতে পদ শূন্য থাকা সাপেক্ষে একই উপজেলার সুবিধাজনক বিদ্যালয়ে বদলি করা যাবে;

৮.৩ পদ শূন্য হওয়ার পূর্বে শিক্ষকদের বদলির অগ্রিম আদেশ প্রদান করা যাবে না;

৮.৪ এই নির্দেশিকার কোন অনুচ্ছেদে বর্ণিত শর্তাদি স্পষ্টীকরণের প্রয়োজন হলে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এ বিষয়ে ব্যাখ্যা প্রদান করতে পারবে;

৮.৫ এই নির্দেশিকা রাঙ্গামাটি, খাগড়াছড়ি এবং বান্দরবান পার্বত্য জেলাসমূহের জন্য অনুসৃত হবে না। তবে, এই নীতিমালার আলোকে পার্বত্য জেলা পরিষদসমূহ সংশ্লিষ্ট জেলার উপযোগী নির্দেশিকা প্রণয়ন করতে পারবে;

৮.৬ এই নির্দেশিকা জারির ফলে ইতোপূর্বে জারিকৃত শিক্ষক বদলি সংক্রান্ত সকল নীতিমালা, প্রজ্ঞাপন ও আদেশ বাতিল বলে গণ্য হবে।

০৫/০৭/১৫

**(জাজরীন নাহার)**
সিনিয়র সহকারী সচিব (বিদ্যা-২)
ফোনঃ ৯৫৭৭২৫৫

নং-৩৮.০০৮.০২২.০০.০০.০০২.২০১১- ৪৬৪

তারিখঃ ২১ আষাঢ় ১৪২২ / ০৫ জুলাই ২০১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান
২. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন ২, মিরপুর, ঢাকা (সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)
৩. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
৪. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
৫. মননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. জেলা প্রশাসক .................................... (সকল)
৭. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
৯. প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (নির্দেশিকাটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
১০. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার .................................. (সকল)
১১. উপজেলা/থানা শিক্ষা অফিসার ...................................(সকল)
১২. অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সংরক্ষণ নথি।

০৫/০৭/১৫

**(জাজরীন নাহার)**
সিনিয়র সহকারী সচিব (বিদ্যা-২)